# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৯৯. কাফেরদের দুর্ভাগ্য

১. ফেরাউন সম্বন্ধে আল্লাহ বলেন-

النَّارُ يُعْرَضُونَ عَلَيْهَا غُدُوًّا وَعَشِيًّا

“সকাল-সন্ধ্যা তাদেরকে আগুনের সামনে উপস্থিত করা হয়।” (৪০-সূরা আল মু'মিনঃ আয়াত-৪৬)

২. কারূন সম্বন্ধে আল্লাহ বলেন-

فَخَسَفْنَا بِهِ وَبِدَارِهِ الْأَرْضَ

“তাই আমি তাকে ও তার বাসগৃহকে মাটিতে প্রোথিত করে দিলাম।” (২৮-সূরা আল কাসাসঃ আয়াত-৮১)

৩. ওয়ালীদ ইবনে মুগীরাহ সম্বন্ধে আল্লাহ বলেন

سَأُرْهِقُهُ صَعُودًا

“আমি অচিরেই তাকে শাস্তির পাহাড়ে চড়াব।” (৭৪-সূরা আল মুদদাছছিরঃ আয়াত-১৭)

‘স’উদ’ হলো জাহান্নামের আগুনের মাঝে এক ঢালু ও শাস্তিদায়ক পাহাড়।

৪. উমাইয়া ইবনে খালফ সম্বন্ধে আল্লাহ বলেন-

وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةٍ

“সম্মুখে ও পশ্চাতে নিন্দাকারীর প্রত্যেকের জন্য রয়েছে দুর্ভোগ।” (১০৪-সূরা আল হুমাযাহঃ আয়াত-১)

৫. আবু লাহাব সম্বন্ধে আল্লাহ্ বলেন-

تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ

“আবু লাহাবের দু’হাত ধ্বংস হোক এবং সে নিজেও ধ্বংস হোক।” (১১১-সূরা আল লাহাব বা মাসাদঃ আয়াত-১)

(আবু লাহাব ছিল নবী করমর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একজন চাচা)

৬. এবং আস ইবনে ওয়ালী সম্বন্ধে আল্লাহ বলেন-

كَلَّا سَنَكْتُبُ مَا يَقُولُ وَنَمُدُّ لَهُ مِنَ الْعَذَابِ مَدًّا

“কখনও নয়! সে যা বলে তা আমি লিখে রাখব এবং (জাহান্নামে) আমি তার শাস্তিকে বাড়িয়ে দিব।” (১৯-সূরা মারইয়ামঃ আয়াত-৭৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7807

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন